



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)



স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯.১৭১

তারিখ: ০৪ শ্রাবণ ১৪২৮  
১৯ জুলাই ২০২১

বিষয়: শিক্ষানবিস সহকারী কমিশনারগণের কর্মকালীন প্রশিক্ষণের মূল্যায়ন/সমাপ্তিতে মন্ত্রিপরিষদ বিভাগ ও বিভাগীয় কমিশনারের কার্যালয়ের প্রতিনিধির অংশগ্রহণ।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.০২৯.০০৪.২০১৬-৮৭৯ তারিখ: ১৪/১২/২০১৬ খ্রি.

জেলাপ্রশাসকের কার্যালয়ে কর্মরত শিক্ষানবিস সহকারী কমিশনারগণের পেশাগত জ্ঞান লাভ, দক্ষতা বৃদ্ধি ও চাকুরী চূড়ান্তকরণের নিমিত্ত কর্মকালীন প্রশিক্ষণ (On the job training) সম্পন্নকরণ একটি আবশ্যিক বিষয়। যথাসময়ে কর্মকালীন প্রশিক্ষণ শুরু করা; মডিউল অনুযায়ী প্রশিক্ষণ আয়োজন; পরীক্ষা গ্রহণ ও মূল্যায়ন এবং প্রশিক্ষণ সমাপ্তিতে সনদ বিতরণ জেলাপ্রশাসনের একটি গুরুত্বপূর্ণ কাজ। মন্ত্রিপরিষদ বিভাগের ১৪/১২/২০১৬ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.৫১৪.০২৯.০০৪.২০১৬-৮৭৯ নম্বর স্মারকে শিক্ষানবিস সহকারী কমিশনারগণের কর্মকালীন প্রশিক্ষণ মূল্যায়ন ও সমাপ্তিতে সনদ বিতরণ অনুষ্ঠানে মন্ত্রিপরিষদ বিভাগ ও বিভাগীয় কমিশনারের কার্যালয়ের প্রতিনিধির উপস্থিতির বিষয়টি উল্লেখ করে জেলাপ্রশাসকগণকে পত্র প্রেরণ করা হয়েছে।

০২। সম্প্রতি কিছু জেলাপ্রশাসকের কার্যালয়ে শিক্ষানবিস সহকারী কমিশনারগণের কর্মকালীন প্রশিক্ষণ যথাযথভাবে সম্পন্ন/সমাপ্ত হচ্ছে না মর্মে প্রতীক্ষিত হয়। অধিকাংশ জেলাপ্রশাসকের কার্যালয়ে কর্মকালীন প্রশিক্ষণ সমাপ্তিতে মন্ত্রিপরিষদ বিভাগ ও বিভাগীয় কমিশনারের প্রতিনিধির উপস্থিতিতে সনদ বিতরণ অনুষ্ঠান হচ্ছে না। কিছু জেলাপ্রশাসকের কার্যালয়ে শুধুমাত্র জেলাপ্রশাসনের কর্মকর্তাদের উপস্থিতিতে কর্মকালীন প্রশিক্ষণ সমাপ্তিতে মূল্যায়ন ও সনদ বিতরণ অনুষ্ঠান হচ্ছে। মন্ত্রিপরিষদ বিভাগ এবং বিভাগীয় কমিশনারের কার্যালয় এ অনুষ্ঠান সম্পর্কে অবহিত নয়, যা খুবই অনতিশ্রুত।

০৩। চলমান করোনা পরিস্থিতিতে মন্ত্রিপরিষদ বিভাগ ও বিভাগীয় কমিশনারের কার্যালয়ের প্রতিনিধির উপস্থিতিতে সরাসরি সনদ বিতরণ অনুষ্ঠান সম্ভব না হলে অনলাইন প্রাটফরমে এবং করোনা পরবর্তী সময়ে সরাসরি/অনলাইন প্রাটফরমে সনদ বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা যেতে পারে।


০৪। জেলাপ্রশাসকের কার্যালয়ে কর্মরত শিক্ষানবিস সহকারী কমিশনারগণের কর্মকালীন প্রশিক্ষণ মূল্যায়ন ও সমাপ্তিতে সনদ বিতরণ অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে নির্দেশক্রমে নামের পাশে বর্ণিত বিভাগে দায়িত্ব অর্পণ করা হলো:

ক্রমিক	নাম ও পদবী	ইমেইল/ফোন নম্বর	বিভাগ
১	জনাব শেখ রফিকুল ইসলাম, পিএএ অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ।	ইমেইল: addl_dfa@cabinet.gov.bd ফোন: ৯৫৭৩৮৩৩ মোবাইল: ০১৭১২৬৬২৭০৯	ঢাকা
২	জনাব মো: সামসুল আরেফিন অতিরিক্ত সচিব, কমিটি ও অর্থনৈতিক অনুবিভাগ	ইমেইল: addl_ce@cabinet.gov.bd ফোন: ৯৫১১০৩৬ মোবাইল: ০১৭১৫২৪৭০৭৫	চট্টগ্রাম
৩	জনাব মো: রাহাত আনোয়ার অতিরিক্ত সচিব, সমন্বয় অনুবিভাগ	ইমেইল: addl_coord@cabinet.gov.bd ফোন: ৯৫৮২২৭৭ মোবাইল: ০১৭১৭৪৬২২২৬	রংপুর
৪	জনাব মো: জিলুর রহমান চৌধুরী মুদ্রাসচিব, প্রশাসন অধিশাখা	ইমেইল: adminb@cabinet.gov.bd ফোন: ৯৫১১০৩৫ মোবাইল: ০১৭১১০৮২২১১	রাজশাহী

*(Handwritten signature)*

ক্রমিক	নাম ও পদবী	ইমেইল/ফোন নম্বর	বিভাগ
৫	জনাব মো: সাবিরুল ইসলাম যুগ্মসচিব, জেলা ও মাঠ প্রশাসন অধিশাখা	ইমেইল: dfab@cabinet.gov.bd ফোন: ৯৫১৪৪২৬ মোবাইল: ০১৭১৫২২১৩৯১	খুলনা ও সিলেট
৬	জনাব ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীর যুগ্মসচিব, ই-গভর্নেন্স অধিশাখা	ইমেইল: js_eg@cabinet.gov.bd ফোন: ৯৫১৩৩৩৯ মোবাইল: ০১৭১৫৬১৬৬৪৯	বরিশাল ও ময়মনসিংহ

০৫। এমতাবস্থায়, জেলাপ্রশাসকগণকে বিভাগীয় কমিশনার এবং মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তার সঙ্গে আলোচনাক্রমে তারিখ ও সময় নির্ধারণপূর্বক সরাসরি/অনলাইন প্ল্যাটফর্মে শিক্ষানবিস সহকারী কমিশনারগণের কর্মকালীন প্রশিক্ষণ সমাপ্তিতে মূল্যায়ন ও সনদ বিতরণ অনুষ্ঠান আয়োজনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
১৯.০৭.২০

(মোহাম্মদ আমিনুল ইসলাম খান)  
উপসচিব

ফোন: ৯৫৫১৪২৫

email: [gfa\\_branch@cabinet.gov.bd](mailto:gfa_branch@cabinet.gov.bd)

(জেলাপ্রশাসক (সকল))

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯.১৭১

তারিখ: ০৪ শ্রাবণ ১৪২৮  
১৯ জুলাই ২০২১

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ/কমিটি ও অর্থনৈতিক অনুবিভাগ/সমন্বয় অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৩। যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা/জেলা ও মাঠ প্রশাসন অধিশাখা/ই-গভর্নেন্স অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৪। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)

  
১৯.০৭.২০

(মোহাম্মদ আমিনুল ইসলাম খান)  
উপসচিব

ফোন: ৯৫৫১৪২৫

email: [gfa\\_branch@cabinet.gov.bd](mailto:gfa_branch@cabinet.gov.bd)